দৈনিক বাংলা

তারিখ ... 13.5.84 ...
পৃষ্ঠা ... কলাম ...

054

# মহামান্য প্রেসিডেন্ট সমীপে, "বাংলা কলেজকে সরকারী করণের জন্য" মীরপুরবাসীদের আকুল আবেদন

আমরা ঢাকা মহানগরীর জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশ লোক মিরপুরে বাস করি অথচ আমরা চিরদিনই শিক্ষা ও সাংস্কৃতিক দিক হতে সরকারের সুদৃষ্টি থেকে বঞ্চিত হয়ে আসছি। যে কারণে এ এলাকায় আজও কোন সরকারী স্কুল বা কলেজ প্রতিষ্ঠিত হয়নি। ফলে আমাদের সন্তানদেরকে অনেক দুর্ভোগ ও কষ্ট স্বীকার করে মহানগরীর অপর প্রান্তে সরকারী স্কুল কলেজে পাঠাতে হয়। এতে সময় ও আর্থিক ক্ষতি ছাড়াও ছাত্রছাত্রীদেরকে যানবাহনের দুর্ঘটনার শিকার হতে হয়। ইতিপূর্বে পত্রিকায় এতদ সংক্রান্ত ব্যাপারে লেখা সত্ত্বেও সরকারের শুভ দৃষ্টি আকৃষ্ট করতে সক্ষম হইনি।

১৯৬২ সালে সাবেক পাকিস্তান আমল থেকে সারা দেশে উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী পর্যায়ে কলা, বিজ্ঞান বাণিজ্য ও কৃষি বিজ্ঞান বিভাগে মাতৃভাষা বাংলা মাধ্যমে উচ্চ শিক্ষার প্রচলন ও বাংলায় বইপত্র অনুবাদ সর্বপ্রথম বাংলা কলেজেই শুরু হয় এবং বাংলা ভাষা ও জাতীয়তাবাদী আন্দোলন এ কলেজ থেকেই জোরদার হয়। এক সময় এ কলেজে বাংলা ও রাষ্ট্র বিজ্ঞানে এমএ কোর্সও চালু ছিল। অথচ স্বাধীনতার ১৩ বছর পর, দেশের জন্য সীমাহীন অবদান রেখেও আজ পর্যন্ত বাংলা কলেজটি সরকারীকরণ করা হয়নি।

তাই মহামান্য প্রেসিডেন্ট সমীপে এলাকাবাসীর আকুল আবেদন অনতিবিলম্বে বাংলা কলেজকে সরকারী নিয়ন্ত্রণে এনে মিরপুরবাসীর দীর্ঘ দিনের দাবী পূরণকরতঃ আমাদের সন্তানদের উচ্চ শিক্ষার পথ সুগম করবেন।

মিরপুরবাসীদের পক্ষে—
(এস এ খালেক)
চেয়ারম্যান
ওয়ার্ড কমিটি, ওয়ার্ড নং ৫৩
ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন।

সি—৬০৬